

# আপনি জানেন কি ?

আপনারও রয়েছে সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণের সুযোগ !

সুখে ভরবে আগামী দিন  
পেনশন এখন সর্বজনীন



“ যারা পেনশনের আওতায় ছিলেন না তাদের জন্য সর্বজনীন পেনশন স্কিম চালু করা হয়েছে, যাতে করে তারা সম্মানজনকভাবে বাঁচতে পারেন। এ স্কিমে অংশগ্রহণ তাদেরকে সামাজিক মর্যাদার পাশাপাশি আর্থিক সুরক্ষা দিবে। ”

- মাননীয় প্রধানমন্ত্রী



প্রবাস স্কিম

বিদেশে কর্মরত বা অবস্থানরত বাংলাদেশি নাগরিক চাঁদার অর্থ বৈদেশিক মুদ্রায় বা বাংলাদেশে তিনি যে ব্যাংক একাউন্টে রেমিটেন্স প্রেরণ করেন, সে একাউন্ট হতে মাসিক জমা প্রদান করে এ স্কিমে অংশ নিতে পারবেন। পেনশন স্কিমের মেয়াদ শেষে দেশীয় মুদ্রায় পেনশন দেওয়া হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্টের তথ্য দিয়ে নিবন্ধন করতে পারবেন।

মাসিক জমার পরিমাণ ২০০০, ৫০০০, ৭৫০০ ও ১০০০০ টাকা।



সুরক্ষা স্কিম

স্বকর্মে নিয়োজিত ব্যক্তিদের জন্য এ স্কিম। কৃষক, রিকশাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতি, ব্যবসায়ী, গৃহিণীসহ সব অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত ব্যক্তিগণ নির্ধারিত হারে চাঁদা প্রদান করে এ স্কিমে যুক্ত হতে পারবেন। মাসিক জমার পরিমাণ ১০০০, ২০০০, ৩০০০ ও ৫০০০ টাকা।



প্রগতি স্কিম

বেসরকারি প্রতিষ্ঠানের মালিক ও কর্মচারীদের জন্য এই স্কিম। প্রাতিষ্ঠানিকভাবে অথবা নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে যুক্ত হওয়া যাবে। প্রতিষ্ঠান হিসেবে স্কিমে যোগ দিলে স্কিমের চাঁদার ৫০ শতাংশ কর্মী এবং বাকি অংশ প্রতিষ্ঠান দিবে।

মাসিক জমার পরিমাণ ২০০০, ৩০০০, ৫০০০ ও ১০০০০ টাকা।



সমতা স্কিম

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী (যাদের আয়সীমা বাৎসরিক অনুর্ধ্ব ৬০ হাজার টাকা) স্বল্প আয়ের নাগরিকগণের জন্য এ স্কিম। সমতা স্কিমে মাসিক চাঁদার হার ১০০০ টাকা, যার মধ্যে চাঁদাদাতার জমার পরিমাণ ৫০০ টাকা এবং বাকি ৫০০ টাকা দিবে সরকার।



জাতীয় পেনশন কর্তৃপক্ষ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৪৩, কাকরাইল, ঢাকা-১০০০

হটলাইনঃ +৮৮ ০৯৬১০ ৯০০৮০০

(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

নিবন্ধন করতে ভিজিট করুন

[www.upension.gov.bd](http://www.upension.gov.bd)